

## মেডিকেল ভর্তিতে বাড়ছে আসন

যায়দি রিপোর্ট -

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মেডিকেল (এমবিবিএস ও বিডিএস) আসন সংখ্যা বাড়ানো হচ্ছে। ১০০ থেকে ১৫০টি আসন বাড়বে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর সূত্র। তবে স্বাস্থ্যমন্ত্রী সিন্ধুপুর থেকে দেশে ফেরার পর ভর্তির চূড়ান্ত নীতিমালা তৈরি হবে এবং পরীক্ষার দিন ধার্য হবে।

গত শিক্ষাবর্ষে সারাদেশের ২২টি সরকারি মেডিকেল কলেজের দুই হাজার ৮১১টি ও ৫৩টি বেসরকারি মেডিকেল কলেজের চার হাজার ২৪৫টি আসনের বিপরীতে ৫৮ হাজার ৭২৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

এছাড়া দেশের ৯টি সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজগুলোর ডেন্টাল ইউনিট মিলিয়ে ৫৬৭টি আসন এবং ১৪টি বেসরকারি ডেন্টাল আসন : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## আসন : ভর্তিতে

(শেষ পৃষ্ঠার পর)

কলেজের ৮৭০টি আসনে ভর্তি করা হয় শিক্ষার্থীদের।

২০১৩-১৪ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তি নীতিমালা নিয়ে গত ২৪ জুলাই বৈঠক করে স্বাস্থ্য অধিদপ্তর এবং সফটওয়্যার। স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (স্বাস্থ্য শিক্ষা) অধ্যাপক ডা. এ বি এম আব্দুল হাল্লান স্বজ্ঞাও বৈঠকে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, ঢাকা মেডিকেল কলেজের অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের প্রতিনিধি, প্রাইভেট মেডিকেল অ্যাসোসিয়েশনের প্রতিনিধিসহ সফটওয়্যার।

বৈঠক সূত্র জানিয়েছে, এবার একশ বা এর চেয়ে কিছু বেশি শিক্ষার্থী বাড়ানো হবে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো নেয়া হয়নি।

অধ্যাপক ডা. এ বি এম আব্দুল হাল্লান গোববার জানান, এ সত্তাহেই উক্ত সাধারণিক পরীক্ষার ফলাফল প্রকাশ হচ্ছে। তাই ভর্তি নীতিমালা তৈরির প্রক্রিয়া শুরু হয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী ডা. আ ফ ম রুহুল হক দেশে ফেরার পর সাংবাদিকসহ সফটওয়্যার কর্মকর্তাদের নিয়েই চূড়ান্ত নীতিমালা ঘোষণা করা হবে। অন্য

বারের মতো এবারো পরীক্ষার সাধায়েই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানান তিনি। মন্ত্রী দেশে আসার পর ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হবে। ভর্তির আসন বাড়ানো প্রসঙ্গে অধ্যাপক আব্দুল হাল্লান বলেন, আসন বাড়ানো হতে পারে। তবে এখনো সিদ্ধান্ত নেয়া হয়নি কত সংখ্যক বাড়ানো হবে।

সবকিছু মন্ত্রী মহোদয় দেশে ফেরার পর সিদ্ধান্ত নেয়া হবে।

উল্লেখ্য, ২ আগস্ট স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. আ ফ ম রুহুল হক দেশে ফিরবেন। তিনি চিকিৎসার জন্য বর্তমানে সিন্ধুপুরে অবস্থান করছেন।